

AME(117 RTHD)
13/09/2018

নং-৩৫.০০.০০০০.০৩২.১৪.০০২.১৬-৫০৫

তারিখঃ ১৩-০৯-২০১৮

বিষয়ঃ “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পৌচর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নয়ন” শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি’র (পিএসসি) সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

গত ০৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখে “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পৌচর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নয়ন” শীর্ষক প্রকল্পের উপর প্রকল্প স্টিয়ারিং কমিটি’র (পিএসসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।


১৩/০৯/২০১৮

(তওহীদ আহমদ সজল)
সিনিয়র সহকারী প্রধান
ফোন-৯৫১৪২৬৬

E-mail: sajalpol@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ৪। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ৫। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৭। মহাপরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা
- ৮। যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় উইং, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ৯। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১০। অতিরিক্ত প্রধান প্রকৌশলী(পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ১১। প্রকল্প পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা জোন), “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পৌচর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নয়ন” প্রকল্প, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
- ১২। ইঞ্জিনিয়ার ইন চীফ (ই ইন সি), বাংলাদেশ সেনাবাহিনী
- ১৩। উপপ্রধান (পরিঃ ও কার্য), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১৪। প্রকল্প পরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড, বাংলাদেশ সেনাবাহিনী, ঢাকা

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬-৭। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

বিষয়ঃ “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পৌচর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪ লেনে উন্নয়ন” শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি’র (পিএসসি) সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

তারিখ : ০৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

সময় : দুপুর ১২:০০ ঘটিকা

সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, প্রকল্পটি ৬২৫২৮৮.৬৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মে ২০১৬ হতে এপ্রিল ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক গত ০৩-০৫-২০১৬ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে ভূমি অধিগ্রহণ মূল্য বৃদ্ধির প্রেক্ষিতে, ডিপিইসি সভার সুপারিশক্রমে প্রকল্পের ভূমি অধিগ্রহণ ব্যয় ৬০০০০ লক্ষ টাকা বৃদ্ধি করে ৬৮৫২২৮.৬৪ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্পটির বিশেষ সংশোধনী ০১ ডিসেম্বর ২০১৬ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। ৪ লেন বিশিষ্ট ৫৫ কি.মি. দৈর্ঘ্যের সড়কটি যাত্রাবাড়ি হতে মাওয়া ৩৫ কি.মি. এবং পৌচর হতে ভাংগা ২০ কি.মি. এই ২ টি প্যাকেজে বিভক্ত। এছাড়া সড়কটির উভয়পার্শ্বে রয়েছে ৫.৫ মি. (উভয়মুখী) প্রস্থের সার্ভিস রোড এবং মাঝে রয়েছে ৫ মি. প্রস্থের মিডিয়ান। প্রকল্পটির আওতায় ২৯ টি সেতু (৪টি বড় সেতু ১০০ মিটারের অধিক দৈর্ঘ্যের) এবং ২৫ টি ছোট সেতু ১০০ মিটারের কম দৈর্ঘ্যের), ৫৪ টি কালভার্ট, ০৪ টি রেলওয়ে ওভারপাস, ০৫ টি ফ্লাইওভার, ২০ টি আন্ডারপাস, ২টি ইন্টারচেঞ্জ (ক্রোভারলিফ ও ট্রামপেট), ০২টি টোল প্লাজাসহ আনুসঙ্গিক অন্যান্য পূর্তকাজ বাস্তবায়ন করা হচ্ছে। জুন ২০১৮ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতির পরিমাণ ৯১.০৩%।

৩. আলোচনাঃ

৩.১ কাজের পরিধি ও পরিমাণ বৃদ্ধি, মূল্য বৃদ্ধি ইত্যাদি কারণে প্রকল্পটি ইতোপূর্বে ১০০৮৪.৪৬২১ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে মেয়াদকাল অপরিবর্তিত রেখে সংশোধনের প্রস্তাব করা হলে প্রকল্পের স্টিয়ারিং কমিটি’র সুপারিশক্রমে অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। গত ০৬ এপ্রিল ২০১৮ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত পিইসি সভায় প্রকল্পটির প্রথম সংশোধন অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। সুপারিশের আলোকে ১০৯৯৯৯৩.৪৬ লক্ষ ব্যয়ে ডিপিপি পুনর্গঠন করে অনুমোদনের নিমিত্ত পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। পরবর্তীতে গত ১৯ আগস্ট ২০১৮ তারিখে পরিকল্পনা কমিশন হতে প্রেরিত পত্রে প্রকল্পটির বিভিন্ন কার্যক্রম সর্বশেষ অনুমোদিত ডিপিপিতে যেভাবে আছে সেভাবে সম্পন্ন করে নতুন অঙ্ক/কাজের জন্য আলাদা ভাবে ডিপিপি প্রণয়ন করে প্রেরণের জন্য বলা হয়।


৩.২ পরিকল্পনা কমিশনের নির্দেশনার প্রেক্ষিতে কতিপয় একান্ত আবশ্যিক পরিবর্তনের সংস্থান রেখে ৩৯৭৬.০৩ লক্ষ টাকা বৃদ্ধি করে ৬৮৯২০৪.৬৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুন ২০১৮ সময়ে সমাপ্তির লক্ষ্যে প্রকল্পটি সংশোধন এবং এ প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণের লক্ষ্যে “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পৌচর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪ লেনে উন্নয়ন প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ” শীর্ষক নতুন প্রকল্পটি ৪১১১৮৫.৫৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের নিমিত্ত প্রস্তাব করা হয়েছে। সভায় উল্লেখ করা হয় যে চলমান প্রকল্পটি মূলতঃ নির্মাণাধীন পদ্মা সেতুর লিংক প্রকল্প এবং এটি সরকারের অন্যতম একটি ফাস্ট ট্র্যাক প্রকল্প। পদ্মা সেতুর নির্মাণ এবং নির্মাণকালের সাথে সামঞ্জস্য রেখে এ প্রকল্পটির বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। এ সকল বিষয় বিবেচনায় সংশোধিত প্রকল্পটিসহ নতুন প্রস্তাবিত প্রকল্পটি দ্রুত অনুমোদন হওয়া প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে চলমান প্রকল্পটির সংশোধন প্রস্তাব এবং এর অসমাপ্ত কাজ সমাপ্তকরণের লক্ষ্যে নতুন প্রস্তাবিত প্রকল্পটি পরিকল্পনা কমিশনে প্রেরণের বিষয়ে একমত পোষন করা হয়।

৪. সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৪.১ পরিকল্পনা কমিশনের নির্দেশনার আলোকে ৬৮৯২০৪.৬৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুন ২০১৮ সময়ে সমাপ্তির লক্ষ্যে “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পৌঁছর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪ লেনে উন্নয়ন” শীর্ষক প্রকল্পটির সংশোধন প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

৪.২ উল্লেখিত প্রকল্পটির অসমাপ্ত কাজ সমাপ্তকরণের লক্ষ্যে “ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পৌঁছর-ভাংগা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নয়ন প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ” শীর্ষক নতুন প্রকল্পটির ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ নজরুল ইসলাম)

সচিব

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ